

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬২৯

ধর্মনগর : ১৭ অক্টোবর, ২০১৮

স্বনির্ভর ত্রিপুরা গড়তে যুব সমাজকে এগিয়ে আসতে হবে : মুখ্যমন্ত্রী

রাজধানীর বাইরে উত্তর ত্রিপুরার জেলা সদর ধর্মনগরেও পূজা মন্ডপের উদ্বোধন করেন এবং কয়েকটি পূজা মন্ডপ পরিদর্শন করেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব । সপ্তমীর দিন মুখ্যমন্ত্রী ধর্মনগরের এগিয়ে চলো ক্লাবের পূজা মন্ডপের আনুষ্ঠানিক উদ্বোধন করেন । এরপর তিনি রাজবাড়িতে মহারাজা বীরবিক্রম কিশোর মাণিক্যের মর্মর মূর্তির আবরণ উন্মোচন করেন । এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায় এবং মুখ্যমন্ত্রী জায়া নীতি দেব সহ বিশিষ্টজনেরা ।

এই অনুষ্ঠান পর্বে মুখ্যমন্ত্রী সকলকে শারদীয় দুর্গোৎসবের প্রীতি ও শুভেচ্ছা জানান । তিনি বলেন, এই দুর্গাপূজার মধ্য দিয়ে সর্বত্র অশুভ শক্তির বিনাশের বার্তা পৌঁছে দিতে হবে । রাজ্যের সমস্ত অংশের মানুষের কাছে এই বার্তা পৌঁছে দেবার পাশাপাশি সন্তাসমুক্ত ত্রিপুরা, নেশামুক্ত ত্রিপুরা, নারী নির্যাতন মুক্ত ত্রিপুরা ও স্বনির্ভর ত্রিপুরা গড়ে তোলার জন্য রাজ্যের যুবশক্তিকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী শ্রীদেব ।

মুখ্যমন্ত্রী বলেন, মহারাজা বীরবিক্রম সহ অনেক রাজা মহারাজা ত্রিপুরায় রাজত্ব করে গেছেন । কিন্তু মহারাজা বীরবিক্রম ছিলেন তাঁদের মধ্যে ব্যতিক্রমী । আধুনিক ত্রিপুরা গড়ে তোলার ক্ষেত্রে মহারাজার অবদান ছিল অপরিসীম । মুখ্যমন্ত্রী এরপর ধর্মনগর কালিবাড়ি পূজা মন্ডপ, রামকৃষ্ণ সেবা সমিতির পূজা মন্ডপ, জেইল রোডের কল্পনা আশ্রমের পূজা মন্ডপ পরিদর্শন করেন । তিনি রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামীর বাড়িতেও যান ।
